REG. NO. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।


## জঙ্গীপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গীপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৵০ এক আনা।

জঙ্গীপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গীপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



## ছাদের জন্য
## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**
ম্যানেজিং ডিরেক্টার:—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।


২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৮ই শ্রাবণ বুধবার ১৩৪৭ ইংরাজী 24th July 1940 | ১১শ সংখ্যা


এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন:—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষৎ এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।



বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা
**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**
—বোনাস—
প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | |
|---|---|---|
| চল্‌তি বীমা | ... | ১৬ কোটি ৩৪ লক্ষের উপর |
| বীমা তহবিল | ... | ২ „ ৯৬ লক্ষের „ |
| মোট সংস্থান | ... | ৩ „ ৩৬ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | ... ... ৭৪ „ „ |
| দাবী শোধ | ... | ১ কোটি ৮৫ „ „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি:—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।



## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**
হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ:—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরারগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৮ই শ্রাবণ বুধবার সন ১৩৪৭ সাল

## বৃষ্টি

শ্রাবণ মাস আরম্ভ হইবার সঙ্গে সঙ্গেই বৃষ্টি দেখা দিয়াছে। স্থানে স্থানে আবাদ কার্য্য চলিতেছে। মাঝে মাঝে বৃষ্টি হইলেই ধান্য ফসল একরূপ হইবে বলিয়া আশা করা যায়। বৃষ্টি পাইয়া ভাদুই ধান ও পাট সতেজ হইয়াছে। বন্যায় ক্ষতি না করিলে উভয় ফসল কিছু হইবে।

---

## ষ্টিমার

আজিমগঞ্জ হইতে ধুলিয়ান পর্য্যন্ত মালবাহী ষ্টিমার চলাচল আরম্ভ হইয়াছে। সপ্তাহে দুইবার যাতায়াত করিবে। মহাজনদিগের সুবিধা হইবে বলিয়া মনে হইতেছে।

---

## যাদবপুর হাসপাতালে দান

৭৬।২ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীটের শ্রীযুক্তা সুহাসিনী শীল তাঁহার ভ্রাতা পরলোকগত জীবনকৃষ্ণ দাসের স্মৃতিরক্ষার্থ যাদবপুর যক্ষা হাসপাতালে ৫০০৲ পাঁচশত টাকা দান করিয়াছেন।

---

## পরীক্ষার দিন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আগামী ১৯৪১ সালের ম্যাট্রিকুলেশন পরীক্ষা ১০ই মার্চ্চ হইতে আরম্ভ হইবে বলিয়া প্রকাশ। অন্যান্য পরীক্ষার তারিখ নিম্নলিখিতরূপ নির্দ্ধারিত হইয়াছে:— আই-এ ও আই-এস-সি —আগামী ১২ই ফেব্রুয়ারী। বি-এ ও বি-এস-সি— আগামী ১৯শে মার্চ্চ। এল-টি এবং বি-টি—আগামী ১৬ই এপ্রিল।

---

## বঙ্গীয় মহাজনী বিল

### গভর্ণরের সম্মতি দান

ইউনাইটেড প্রেস জানিতে পারিয়াছেন যে, বঙ্গীয় ব্যবস্থা পরিষদ ও বঙ্গীয় ব্যবস্থাপক সভার গত অধিবেশনে গৃহীত বঙ্গীয় মহাজনী বিলে বাঙ্গালার গভর্ণর সম্মতি দিয়াছেন।

---

## কাঁচা টাকা

গত ৩১শে আষাঢ় সোমবার হাওড়া ষ্টেশনে সরকারী পুলিশ ৩ জন মাড়োয়ারী ও ১ জন স্ত্রীলোককে গ্রেপ্তার করিয়াছে। তাহারা প্রয়োজনের অতিরিক্ত কাঁচা টাকা মজুত করিয়া কলিকাতার বাহিরে যাইবার চেষ্টা করিতেছিল। তাহাদের নিকট হইতে নাকি ১৬০৫ টাকা পাওয়া গিয়াছে।

---

## সরকারী বিজ্ঞপ্তি

বুধবার, ১৭ই জুলাই কলিকাতা গেজেটের এক অতিরিক্ত সংখ্যায় নিম্নলিখিত মর্ম্মে বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছে:—

বাঙ্গালার সমস্ত মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকগণের প্রতি:—

ভারতরক্ষা বিধানাবলীর ৪১ ধারার ১ম উপধারা অনুসারে গভর্ণর বাঙ্গলা দেশের নিম্নলিখিত বিষয়সমূহ প্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ করিয়াছেন—

(১) বিবৃতি, বিজ্ঞাপন, নোটিশ, সংবাদ, ফটোগ্রাফ বা মন্তব্য সম্বলিত এমন কিছু যাহাতে নিম্নলিখিত বিষয়ের উল্লেখ থাকে:—

(ক) হলওয়েল মনুমেণ্ট আন্দোলন সম্পর্কে গ্রেপ্তার এবং

(খ) উক্ত আন্দোলন সম্পর্কে যে কোন সভাসমিতি, শোভাযাত্রা অথবা বিক্ষোভ প্রদর্শন, বক্তৃতা অথবা অন্য যাহা কিছু করা হয় বা করা না হয়।

(২) এই আদেশ সম্পর্কে মন্তব্য সম্বলিত কোন কিছু

---

## বিদ্যালয় কর্ত্তৃপক্ষের প্রতি বাংলা সরকারের নির্দ্দেশ

বাংলা সরকারের প্রচার বিভাগের ডিরেক্টর এক ইস্তাহারে ঘোষণা করিয়াছেন যে, সরকারী এবং সরকারী-সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় সমূহের কর্ত্তৃপক্ষকে তাঁহাদের অধীন বিদ্যালয়ের ছাত্রগণকে ইহা বিজ্ঞাপিত করিতে বলা যাইতেছে যে, যে সকল ছাত্র ধর্ম্মঘট অথবা তদনুরূপ কোন প্রকার বিক্ষোভ প্রদর্শনে যোগদান করিবে তাহাদিগকে যে বিদ্যালয়ে তাহারা অধ্যয়ন করিতেছে, সেই বিদ্যালয় পরিত্যাগ করিয়া যাইতে বলিবেন এবং ছাত্রগণ যদি কোনরূপ সরকারী বৃত্তি বা ভাতা পাইতে থাকে তবে সেই বৃত্তি ও ভাতা বন্ধ করিয়া দেওয়া হইবে। এই সম্পর্কে বিদ্যালয় সমূহের কর্ত্তৃপক্ষকে স্বতন্ত্রভাবে আর কোন সংবাদ দেওয়া হইবে না।

---

## বিষস্য বিষমৌষধম্

কথায় বলে বিষে বিষক্ষয়। কিন্তু কোন্ বিষের প্রয়োগে কোন্ বিষের ক্ষয় হইবে ইহা আবিষ্কার সাপেক্ষ। সাপের বিষ দিয়া মানুষের বিষ নাশের কোন কোন চেষ্টা বিশেষ ফলবতী হইয়াছে। ক্যানসার রোগে সাপের বিষ বিশেষ কার্য্যকরী প্রমাণিত হইয়াছে, কিন্তু বর্ত্তমানে ভূপালে ক্ষয় রোগের চিকিৎসার্থ গোখুরা সাপ মারিয়া উহা দ্বারা জমির সার তৈয়ার করিয়া আখের চাষ দিবার যে চেষ্টা চলিতেছে উহা সফল হইলে চিকিৎসা জগতে উহা যুগান্তর আনিবে। বিশেষজ্ঞগণ বলিতেছেন এইরূপ ক্ষেতের আখ প্রতিদিন এক টুকরা করিয়া চিবাইলেই কিছুদিনের মধ্যে যক্ষা ও ক্ষয়-রোগ নিরাময় হইবে। ভূপালে এজন্য কিছুকাল ধরিয়া গোখুরা সাপ ধরিবার ব্যাপক আয়োজন চলিতেছে।

---

## খেয়ালী বালক

সুরাটের এক সংবাদে প্রকাশ একটি ছাতাকে প্যারাসুট বানাইয়া একটি মারাঠি বালক চল্লিশ ফুট উঁচু এক বৃক্ষ হইতে লাফাইয়া পড়িতে গিয়া গুরুতর ভাবে আহত হইয়াছে। মারাঠি বালকের এই কার্য্য প্রশংসা এবং নিন্দা উভয়ই পাওয়ার যোগ্য। ব্যাপারটি নিন্দার এই জন্য যে সে সব দিক তলাইয়া দেখে নাই। প্রশংসার এই জন্য যে তার মধ্যে অনুসন্ধিৎসা এবং গবেষণার রোমাঞ্চকর মনোবৃত্তি বর্ত্তমান আছে।

---

## কর্ম্মচারীদের ভাতা

বাঙ্গালা গভর্ণমেণ্ট মাসিক ৩০৲ টাকা বা তাহা অপেক্ষা কম বেতনের সমস্ত সরকারী কর্ম্মচারীকে মাসিক এক টাকা মহার্ঘ্যতার ভাতা দিবার প্রস্তাব করিয়াছেন। কলিকাতা গেজেটে ফিনান্স বিভাগের এই সম্পর্কিত একটী প্রস্তাব প্রকাশিত হইয়াছে। একটী স্পেশাল অর্ডার দেওয়া হইলে পর এই ভাতা দেওয়া হইবে। কলিকাতার বাজারে সর্ব্বাপেক্ষা সস্তা চাউলের দর যখন প্রতি টাকায় আট সের (৮০ তোলার সেরে) হইবে এবং এইরূপ বা তদপেক্ষা বেশী দর তিন মাস বলবৎ থাকিবে, তখনই মহার্ঘ্যতার ভাতা দিবার আদেশ দেওয়া হইবে। যুদ্ধের দরুণ খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির আশঙ্কায়ই গভর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রস্তাব করিয়াছেন।

---

## কেরোসিনের মূল্য বৃদ্ধি

ইউরোপীয় যুদ্ধের সূচনা হইতেই এদেশে অনেক নিত্য ব্যবহার্য্য দ্রব্যের মূল্যও বৃদ্ধি হইয়াছে। তাহার মধ্যে কেরোসিন তৈল বিশেষ উল্লেখ যোগ্য। কেরোসীন তৈল এদেশে পঞ্চাশ বৎসর পূর্ব্বে একরকম ছিলনা বলিলেই হয়; এখন অতি দূর পল্লীগ্রামেও কেরোসীন পাওয়া যায় এবং অতি দরিদ্র গ্রামবাসীরাও তাহা নিত্য ব্যবহার করিয়া থাকে। সহরে বিদ্যুতের ব্যবহার যত বেশী হইতেছে, কেরোসীন ততই বেশী করিয়া পল্লীগ্রামে পসার জমাইতেছে। সহরে যেমন কেরোসিনের আদর কমিতেছে, তেমনই আবার পেট্রোলের ব্যবহার বাড়িতেছে। ধনীর মোটরে, জনসাধারণের মোটরবাসে এবং ব্যবসায়ীদের মোটর লরীতে সহরগুলিতে নিত্য কত যে পেট্রল পুড়িয়া থাকে, তাহার ইয়ত্তা নাই। এখন যুদ্ধের জন্য কেরোসীন ও পেট্রল উভয় তৈলেরই মূল্য বৃদ্ধি হইয়াছে। তাহার ফলে কলিকাতায় মোটর বাসের ভাড়া বাড়িয়াছে। যাহারা বেশী ভাড়া দিয়া মোটর বাসে চড়িতে অসমর্থ, তাহারা দেনা করিয়া মোটরে না চড়িয়া যদি পায়ে হাঁটিতে অভ্যাস করে, এবং যাহারা মহার্ঘ্য কেরোসিন কিনিতে অসমর্থ, তাহারা যদি পঞ্চাশ বৎসর পূর্ব্বের মত ঘরে ঘরে রেড়ির তৈল পুড়াইতে আরম্ভ করে, তাহা হইলে বর্ত্তমান যুদ্ধের ফলে পরোক্ষভাবে এদেশবাসীর অনেক উপকার সাধিত হইবে।

---

## রুষিয়ানের বিরুদ্ধে চুরির অভিযোগ

চৌরঙ্গী প্লেসের আলি হোসেন অগলি নামে এক রুষিয়ানের বিরুদ্ধে চতুর্থ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত এইচ, কে, দের এজলাসে এক মামলা দায়ের করিয়াছে। প্রকাশ, আসামী কলিকাতার কোন ব্যাঙ্কে যাইয়া দশ টাকার দশখানা নোটের বিনিময়ে একশত টাকার একখানা নোট চাহে। ক্যাশিয়ার দশখানা নোট লইয়া তাহাকে একখানা একশত টাকার নোট দিলে, সে নোটখানা বদল করিয়া লইতে চাহে। ক্যাশিয়ার একশত টাকার নোটের বাণ্ডিল বাহির করিলে আসামী ক্যাশিয়ারের সম্মুখে ঐ বাণ্ডিল হইতে নোটখানা বদল করিয়া লইয়া সরিয়া পড়ে। সঙ্গে সঙ্গে নোটগুলি গণনা করিয়া ক্যাশিয়ার একশত টাকার এগারখানা নোট কম দেখিতে পায়। ব্যাঙ্ক কর্ত্তৃপক্ষ পুলীশে ঘটনার সংবাদ ও অপহৃত নোটগুলির নম্বর জানায়। প্রকাশ, এই একইভাবে হাতের কারসাজিতে আসামী পোর্ট কমিশনার অফিসের ট্রেজারী হইতে বারখানা একশত টাকার নোট অপহরণ করে। ঘটনার তদন্ত করিয়া পুলীশ তাহার বাড়ী খানাতল্লাস করিয়া ব্যাঙ্ক হইতে অপহৃত নোটগুলির সন্ধান পাইয়াছে। আসামী অভিযোগ অস্বীকার করিয়াছে। শুনানী স্থগিত আছে। আসামীর জামিন নাকচ করিয়া ম্যাজিষ্ট্রেট তাহাকে হাজতে রাখিবার আদেশ দিয়াছেন। আসামীর স্ত্রীও এই সম্পর্কে গ্রেপ্তার হয়। প্রমাণাভাবে তাহাকে অব্যাহতি দেওয়া হইয়াছে।

---

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

### নীলামের দিন ১৩ই আগষ্ট ১৯৪০।

৩৩৩ খাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং সেরাফত সেখ দীং দাবি ২৪।/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৩৩ শতকের কাত ২।৶১৭। আঃ ৫৲




সকল প্রকার গ্রামোফোন

মেসিন ও রেকড

নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

ডি, পি, গাঙ্গুলী

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।







মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে।

ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মুল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০


প্রাপ্তিস্থান ডাঃ বি রায় এণ্ড কোং কেমিষ্টস্

ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

## সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি পৃথিবীর সর্ব্বত্র



অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত